# ফাতাওয়া আরকানুল ইসলাম

বিভাগ/অধ্যায়ঃ ছিয়াম (রোযা)

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ বিন সালিহ আল-উসাইমীন (রহঃ)

প্রশ্ন: (৩৯৬) জনৈক বালিকা ছোট বয়সে ঋতুবতী হয়ে গেছে। সে অজ্ঞতাবশতঃ ঋতুর দিনগুলোতে সাওম পালন করেছে। এখন তার করণীয় কী?

উত্তর: তার ওপর আবশ্যক হচ্ছে, ঋতু অবস্থায় যে কয়দিনের সিয়াম আদায় করেছে সেগুলোর কাযা আদায় করা। কেননা ঋতু অবস্থায় সিয়াম পালন করলে বিশুদ্ধ হবে না এবং গ্রহণীয় হবে না। যদিও তা অজ্ঞতাবশতঃ হয়ে থাকে। তাছাড়া পরবর্তীতে যে কোনো সময় তা কাযা করা সম্ভব। কাযা আদায় করার জন্য নির্দিষ্ট কোনো সময় নেই।

এর বিপরীত আরেকটি মাসআলা হচ্ছে, অল্প বয়সে জনৈক বালিকা ঋতুবতী হয়ে গেছে। কিন্তু লজ্জার কারণে বিষয়টি কারো সামনে প্রকাশ করে নি এবং তার সিয়ামও পালন করে নি। এর ওপর ওয়াজিব হচ্ছে, উক্ত মাসের সিয়াম কাযা আদায় করা। কেননা নারী ঋতুবতী হয়ে গেলেই প্রাপ্ত বয়স্ক হয়ে যায় এবং শরী‘আতের যাবতীয় বিধি-বিধান পালন করা তার ওপর ফরয হয়ে যায়।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1070

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন